গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

রেল সেবাকে অক্ষুন্ন রাখতে জরুরিভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি প্রণয়নের বিষয়ে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: নূরুল ইসলাম সুজন এম.পি<br>মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১৯ মার্চ ২০২০ |
| সময় | : | বেলা ২.০০ ঘটিকা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলার সভাকক্ষ |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | | পরিশিষ্ট-'ক' |

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, পূর্বের নিয়োগ বিধিমালা বাতিল হওয়ার কারণে বর্তমানে বাংলাদেশ রেলওয়ের সকল নিয়োগ কার্যক্রম স্থগিত করেছে। অতএব, জরুরিভিত্তিতে নিয়োগ বিধিমালা প্রণয়ন করে প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে রেল সেবাকে অক্ষুন্ন রাখতে হবে।

০৩। সভাপতির অনুমতিক্রমে রেলপথ মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, খসড়া নিয়োগ বিধিটি সরাসরি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরণ করা হয়। কিন্তু নিয়োগ বিধিমালা প্রণয়নের নিমিত্ত Rules of Business, 1996, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২.১২.২০০১ তারিখের ৪৪৭ নং স্মারকেমূলে জারীকৃত প্রজ্ঞাপন এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৪.০৭.২০১১ তারিখের ৮৫৩ নং স্মারকমূলে জারীকৃত পরিপত্র অনুসরণ করে বিধিমালা সংক্রান্ত প্রস্তাব পাঠানোর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে পরামর্শ প্রদান করা হয়েছে।

০৪। জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, ২০১৭ সালে প্রণীত মডেল নিয়োগ বিধিমালার অধিনে দপ্তর/সংস্থার নিয়োগ বিধিমালা প্রণয়ন করতে হবে। তাছাড়া, মন্ত্রণালয় বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী পূরণের নিমিত্ত কমন পদের জন্য ভিন্ন নিয়োগবিধি প্রণয়ন করতে হবে। তিনি বলেন যে, ফরমেট অনুযায়ী নিয়োগ বিধিমালা্র খসড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে এ মন্ত্রণালয় থেকে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি জানান যে, জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের কাজ শেষ হওয়ার পর প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে বিষয়টি উপস্থাপন করতে হবে। তিনি জানান যে, বাংলাদেশ রেলওয়ের খসড়া নিয়োগ বিধিমালা মন্ত্রিপরিষদ বিভা্গে প্রেরণ করলে খসড়াটি দ্রুততার সাথে সচিব কমিটিতে উপস্থাপনের জন্য এ বিভাগ হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

০৬। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) সভায় জানান যে, "The Bangladesh Railway Non-Gazetted Service Recruitment Rules, 1985" সামরিক শাসন আমলে প্রণয়ন করা হয়েছিল। বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জানানো হয় যে, সিভিল আপিল নং-৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন)- এর ধারা ৩ এবং বাংলাদেশ সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বাতিল ঘোষিত হওয়ায় ১৯৮২ সালের ২৪ মার্চ থেকে ১৯৮৬ সালের ১০ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশ/নিয়োগবিধিসমূহ অবৈধ ঘোষিত হয়েছে এবং ২০১৩ সালের প্রণীত ০২ (দুই) টি সুরক্ষা আইনের তফসিলভূক্ত ৮৫ ও ৮১ সর্বমোট ১৬৬টি অধ্যাদেশের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের "The Bangladesh Railway Non-Gazetted Service Recruitment Rules, 1985" বিধিমালাটি অন্তর্ভুক্ত নেই সেহেতু "The Bangladesh Railway Non-Gazetted Service Recruitment Rules, 1985" উহার কার্যকারিতা হারিয়ে ফেলায় বিধিমালাটির অধীনে কোন নিয়োগ প্রদানের সুযোগ নেই। তাছাড়া, বিদ্যমান বিধিমালা সংশোধন ব্যতীত নিয়োগ কার্যক্রম গ্রহণেরও সুযোগ নেই। তবে বাংলাদেশ রেলওয়েতে নতুন নিয়োগ বিধিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে। এপ্রিল ২০২০ এর প্রথম সপ্তাহে নিয়োগ বিধিটির কাজ শেষ হবে এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হবে।

০৭। এ পর্যায়ে মাননীয় মন্ত্রী বলেন যে, বাংলাদেশ রেলওয়ে একটি সেবাধর্মী সরকারি প্রতিষ্ঠান। ১৯৮৪ সালের এনাম কমিটিতে রেলের লোকবল ৬৮৫২৪ জন ছিল। নতুন অর্গানোগ্রামে ৫০,০০০ জনবলের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা বিগত এক বছর ধরে যাচাই-বাছাই কার্যক্রম চলছে।

০৮। এ প্রসংগে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি বলেন যে, "The Bangladesh Railway Non-Gazetted Service Recruitment Rules, 1985" কার্যকারিতা না থাকায় এর অধীনে পদসমূহে নিয়োগ প্রদান করা সম্ভব নয়। তিনি আরও জানান যে, ইতোমধ্যে সরকারি চাকুরির আইন-২০১৮ জারি হয়েছে। সরকার এ আইনের অধীনে প্রজাতন্ত্রের কর্মচারীদের চাকুরির শর্ত বিধি ধারা নির্ধারণ করবে। সরকারি চাকুরি আইন ২০১৮ অনুসারে নতুন বিধি করে নিয়োগ দেয়াই সংগত হবে। তিনি আরও বলেন, রায়ের পর ইতোমধ্যে গৃহীত কার্যক্রমের বৈধতার বিষয়টিও নিয়োগ বিধিতে থাকতে হবে।

০৯। এ পর্যায়ে সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয় বলেন যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ অনুযায়ী দ্রুততার সাথে বাংলাদেশ রেলওয়ের খসড়া নিয়োগ বিধিমালা প্রস্তুত করা আবশ্যক। সভায় উপস্থিত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রাক্তন সিনিয়র সচিব তাঁর অভিজ্ঞতা ও জ্ঞান কাজে লাগিয়ে তিনি আলোচ্য বিধিমালাটির খসড়া প্রণয়নে সহযোগিতা করবেন মর্মে জানান। তিনি বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করলে কাজটি দ্রুত হবে মর্মে মতামত দেন।

১০। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

বাংলাদেশ রেলওয়ের নন গেজেটেড কর্মচারিদের খসড়া নিয়োগ বিধি প্রস্তুতের নিমিত্ত নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো:

| ক্রমিক নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব প্রনব কুমার ঘোষ<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) | রেলপথ মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২। | জনাব মিয়াজাহান<br>অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) | বাংলাদেশ রেলওয়ে | সদস্য |
| ৩। | মন্ত্রিপরিষদ বিভাগের একজন প্রতিনিধি | মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ৪। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | জনপ্রশাসন মন্ত্রণালয় | |
| ৫। | অর্থ বিভাগের একজন প্রতিনিধি | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ৬। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৭। | বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের একজন প্রতিনিধি | বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় | সদস্য |
| ৮। | জনাব সাদরুল হক<br>পরিচালক (সংস্থাপন) | বাংলাদেশ রেলওয়ে | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) প্রাক্তন সিনিয়র সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ জনাব মোহাম্মদ শহিদুল হক কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন;

(খ) কমিটির সদস্যগণ হালনাগাদকৃত মডেল নিয়োগ বিধিমালা পর্যালোচনা করে বাংলাদেশ রেলওয়ের জন্য একটি খসড়া নিয়োগ বিধিমালা প্রণয়ন করবে এবং

(গ) কমিটি আগামী ১৫ এপ্রিল, ২০২০ তারিখের মধ্যে খসড়া নিয়োগ বিধিমালা তৈরী কাজ শেষ করবেন।

১১। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৩/২০২০

(মো: নূরুল ইসলাম সুজন এম.পি)

মন্ত্রী

রেল সেবাকে অক্ষুন্ন রাখতে জরুরি ভিত্তিতে বাংলাদেশ রেলওয়ের নিয়োগ বিধি প্রণয়ন বিষয়ে ১৯.০৩.২০২০ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মো: মোফাজ্জল হোসেন<br>সিনি: সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01755500780 | [signature] |
| ০২ | আহ্মেদ [illegible]<br>অতি: সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01552368791 | [signature] |
| ৩ | প্রণব কুমার ঘোষ<br>অতি: সচিব | ঐ | | [signature] |
| ৪ | লুলু বিলকিস বানু<br>উপসচিব (আইন) | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন | 01770807692 | [signature] ১৯/৩/2020 |
| ৫ | মুহাম্মদ আবদুল হাই মিলটন, সিনিয়র সহকারী সচিব | জনপ্রশাসন মন্ত্রণালয় | 01781127421 | [signature] ১৯/৩/২০ |
| ৬. | মোহাম্মদ শওকত রশীদ চৌধুরী<br>যুগ্মসচিব | রেলপথ মন্ত্রণালয় | 01711691157 | [signature] ১৯/৩/২০ |
| ৭. | মো: সাইদুর রহমান<br>উপসচিব | মন্ত্রিপরিষদ বিভাগ | 01715242763 | [signature] ১৯.৩.২০২০ |

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৮. | [illegible] | [illegible] | 01711498138 | [signature] |
| ৯. | মোঃ মাহফুজ উদ্দিন<br>প্রোগ্রামার | রেলপথ মন্ত্রণালয় | 01718779579 | [signature] |
| ১০ | মীর আনোয়ার হোসেন<br>উপ-সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01755500475 | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | মো: শামছুজ্জামান সরকার<br>মহাপরিচালক | বাংলাদেশ<br>রেলওয়ে | 01711505383 | [signature] ১৭/৩/20 |
| 2 | মো: মিয়াজান<br>অতিরিক্ত মহাপরিচালক<br>অপারেশন | বাংলাদেশ<br>রেলওয়ে | 01711505380 | [signature] ১৭/৩/2020 |
| ৩ | ডি এন মজুমদার<br>ADG (I), BR | BR | 01711505301 | [signature] 17/3/2020 |
| ৪ | এ.কে.এম. আব্দুল্লাহ আল বাকী<br>ADG (M&CP) | BR | 01711505304 | [signature] ১৭.৩.20 |
| ৫। | মোঃ রফিকুল হাসান<br>যুগ্মসচিব (আঃ) | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | 01751993702 | [signature] ১৭/৩/2020 |
| ৬ | মো: মঞ্জুর-উল-আলম চৌ:<br>ADG/RS | BR | 01711505302 | [signature] ১৭/৩/2020 |
| ৭ | মোঃ মসিহ-উল হাসান<br>JDG/Fin | BR | 01711-506116 | [signature] ১৭/৩/20 |
| ৮। | আযহারুল হক<br>পরিচালক (সংস্থাপন) | BR | 01711691027 | [signature] ১৭/০৩/20 |

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৯. | ড. মো: আবুল কালাম আজাদ<br>যুগ্মসচিব (প্রশাসন-১) | রেলপথ মন্ত্রণালয় | 01711-671669<br>drazad2024@gmail.com | |
| ১০ | মো: ফয়জুর রহমান ফারুকী<br>যুগ্মসচিব | রেলপথ মন্ত্রণালয় | ০১৯১১৭৪৮০৮০ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |